মেহেরপুরে জেলা জাতীয় পার্টির বিক্ষোভ সমাবেশ ও মিছিল

ডিজেল,পেট্রোল, অকটেনসহ সকল জ্বালানি তেল ও দ্রব্যমূলের উর্ধ্বগতির প্রতিবাদে মেহেরপুর জেলা জাতীয় পার্টির বিক্ষোভ সমাবেশ ও মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বিকেল ৫ টার দিকে কাথুলী বাসস্ট্যান্ড এলাকায় মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় চত্বরে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টির সদস্য সচিব সুমন পারভেজের সভাপতিত্বে বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হাদী। প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন, পৌর জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল মান্নান। এছাড়াও কুতুবপুর ইউনিয়ন জাতীয় পার্টির সভাপতি মিঠু হাসান, শ্যামপুর ইউনিয়ন জাতীয় পার্টির যুগ্ম আহ্বায়ক রাইহান বিশ্বাস প্রমুখ বক্তব্য রাখেন। এসময় জেলা জাতীয় পার্টির অন্যান্য নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

সমাবেশ শেষে একটি বিক্ষোভ মিছিল জেলা জাতীয় পার্টির কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে শেষ হয়।

ঝিনাইদহে ইসলামী আন্দোলনের বিক্ষোভ মিছিল সমাবেশ

ভারতে মুসলিম নির্যাতন, গণহত্যা, পবিত্র মসজিদে অগ্নিসংযোগ এবং নরেন্দ্র মোদির বাংলাদেশে আগমনের প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসাবে ইসলামী আন্দোলন বাংলাদেশ ঝিনাইদহ জেলা শাখার উদোগে বিক্ষোভ মিছিল সমাবেশ অনুষ্টিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে ঝিনাইদহ শহরের পুরাতন ডিসি র্কোট চত্বর থেকে বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সেখানে সমাবেশ অনুষ্টিত হয়।

সংগঠনের জেলা সভাপতি মাষ্টার শরিফুল ইসলামের সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন, সহ-সভাপতি ডা. এইচ এম মোমতাজুল করিম, জয়েন্ট সেক্রেটারী মুফতি মাহমুদুল হাসান হুমায়ন, সাংগঠনিক সম্পাদক মাওলানা হুমায়ন কবীর, ইসলামী যুব আন্দোলনের জেলা সভাপতি মাওনালা আশরাফুল ইসলাম, ইসলামী শাসনতন্ত্র ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় শুরা সদস্য মুহাঃ বদরুল আমীন, ঝিনাইদহ জেলা সভাপতি মুহাঃ রাসেল উদ্দীন।

মেপ্র/আরপি